দৈনিক বাংলা

তারিখ 22 OCT 1988
পৃষ্ঠা ৩য় পাতা

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

015

# সিলেটে শিক্ষা বিভাগে ১৭৬টি পদশূন্য

(নিজস্ব সংবাদদাতা)

সিলেট ২১শে অক্টোবর।— সিলেটের ১১টি উপজেলায় শিক্ষা বিভাগে মোট ১৭৬টি পদ এখন খালি রয়েছে।

শূন্য পদগুলোর মধ্যে রয়েছে উপজেলা শিক্ষা কর্মকর্তা ১১টি, সহকারী উপজেলা শিক্ষা কর্মকর্তার পদ ২২টি প্রধান শিক্ষকের ৪৪টি সহকারী শিক্ষকের ৯৪টি ও শিক্ষা অফিস সহকারীর ১৫টি পদ। এই পদগুলো এক থেকে তিন বছর যাবৎ শূন্য রয়েছে বলে সংশ্লিষ্ট একটি সূত্রে জানা গেছে।

সিলেট জেলায় ১ হাজার ৬২টি প্রাথমিক বিদ্যালয় ও ১ শত ২৯টি বেসরকারী প্রাথমিক বিদ্যালয় রয়েছে। এসব স্কুলে ২ লাখ ৫২ হাজার ৩ শত ৩৭ জন ছাত্রছাত্রী পড়ালেখা করছে।